

এইচএসসি পরীক্ষা প্রথম দিনে অনুপস্থিত ১০ হাজার বহিষ্কার (৭১ জন)

নিজের প্রতিবেদক

দেখাযুড়ে শুরু হয়েছে এইচএসসি ও সমমানের পরীক্ষা। গতকাল বৃহস্পতিবার প্রথম দিনে পরীক্ষায় অসমুদায় অবলম্বনের দায়ে ৭১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষায় অনুপস্থিত ছিল ১০ হাজার ৩২৪ জন।

প্রথম দিনে সাধারণ ও কারিগরি বোর্ডের অধীনে বাংলা বিষয়ের পরীক্ষা এবং মাদ্রাসা বোর্ডের কোরআন মজিদ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

আটটি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীন মোট ১১ লাখ ৪১ হাজার ৩৭৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেওয়ার কথা থাকলেও শেষ পর্যন্ত অংশ ▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৫

প্রথম দিনে অনুপস্থিত

▶▶ শেষ পৃষ্ঠার পর

নিয়োগে ১১ লাখ ৩১ হাজার ৫০ জন। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এসব তথ্য পাওয়া গেছে।

বহিষ্কৃতদের মধ্যে ঢাকা বোর্ডে দুজন, কুমিল্লায় চারজন, যশোরে তিনজন, রাজশাহীতে একজন, মিলাটে একজন, করিমশালে তিনজন, দিনাজপুরে চারজন, মাদ্রাসা শিক্ষা বোর্ডে ছয়জন এবং কারিগরি শিক্ষা বোর্ডে ৪৭ জন।

বিভিন্ন স্থানে পরীক্ষার প্রস্তুতি ফাঁসের গুঁজব ছড়ালেও পরীক্ষার প্রস্তুতির সঙ্গে এর দিল পাওয়া যায়নি। যারা প্রস্তুতির পেছনে ছুটেছে তারা প্রতারণাই করেছে। একটি চক্র প্রস্তুতির ফাঁসের গুঁজব ছড়িয়ে বিপুল পরিমাণ অর্থ হাতিয়ে নিচ্ছে বলে জানা গেছে। গতকাল এইচএসসির

প্রস্তুতির 'ক' সেট 'জবা' নামে বিভিন্ন স্থানে বিক্রি হয় বলে জানা গেছে। কিন্তু পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে 'খ' সেট 'চন্দা' প্রস্তুতিতে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সকালে রাজধানীর আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের এইচএসসি পরীক্ষাকেন্দ্রে পরিদর্শন করেন। এ সময় তিনি শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে কথা বলেন এবং পরীক্ষার সার্বিক যৌক্তিক খবর নেন।

বেগিয়ে যাওয়ার সময় মন্ত্রী সাংবাদিকদের বলেন, মাদ্রাসা দেশে মুক্ত, শান্তিপূর্ণ ও আনন্দময় পরিবেশে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। পরীক্ষাকালীন শিক্ষার্থীদের ভর্তি হয় এ তরফে রাজনৈতিক কোনো কর্মসূচি দেওয়া থেকে বিরত থাকতে সর্বশেষ সবার প্রতি অনুরোধ জানান শিক্ষামন্ত্রী।